গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার
১০ নং গোলচত্বর, ভানুগাছ রোড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
https://dife.moulvibazar.gov.bd

নং- ৪০.০১.৫৮০০.০০০.১০১.৯৯.০০০১.১৯.৯১৪ তারিখ : ২২ মে ২০২৫

**বিজ্ঞপ্তি**

বিষয় : কারখানা, শিল্প প্রতিষ্ঠান, বাণিজ্য প্রতিষ্ঠান, ব্যাংক ও বীমা প্রতিষ্ঠান এবং দোকান লাইসেন্স অনলাইনে নবায়ন।

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ৩৫৪ মোতাবেক কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্স প্রাপ্তির আবেদন এবং নবায়নের জন্য ফরম ৭৭ মোতাবেক প্রয়োজনীয় সংযুক্তিসহ আবেদন করার বিধান রয়েছে। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ৩৫৯ নং বিধিতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সকল প্রকার লাইসেন্স কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার সুযোগ রয়েছে। সে মোতাবেক Labour Inspection Management Application (LIMA) অ্যাপস (https://lima.dife.gov.bd) ব্যবহার করে লাইসেন্স মঞ্জুরী এবং নবায়ন কার্যক্রম চালু হয়েছে। অত্র কার্যালয় সকল প্রকার লাইসেন্স মঞ্জুরী এবং নবায়ন শতভাগ অনলাইনে সম্পাদনে বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। LIMA অ্যাপস ব্যবহার সম্পর্কে ইতিমধ্যে অত্র কার্যালয়ের সভাকক্ষে সংশ্লিষ্ট সকলের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

২। অনলাইনে লাইসেন্স আবেদনের ক্ষেত্রে LIMAতে কারখানা/প্রতিষ্ঠান ব্যবহারকারী হিসেবে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। LIMA অ্যাপস লগ-ইন করলে ড্যাশবোর্ডে নিম্নবর্ণিত অপশনগুলো পাবেন-

| ক্রম | অপশন | ব্যাখ্যা |
|---|---|---|
| ২.১ | নতুন লাইসেন্স আবেদন | কারখানা বা প্রতিষ্ঠানের নতুন আবেদনের জন্য।<br>(হার্ড কপিতে ইস্যুকৃত লাইসেন্স থাকলে এই অপশনটি আপনার জন্য নয়) |
| ২.২ | লেআউট অনুমোদনের আবেদন | কারখানার নতুন লাইসেন্স আবেদনের সাথে লেআউট প্লান অনুমোদন গ্রহণ বাধ্যতামূলক। কারখানা ব্যতিত প্রতিষ্ঠানের জন্য লেআউট প্লান প্রয়োজন নেই। |
| ২.৩ | প্রতিষ্ঠান নথিভূক্ত করুন | কারখানা বা প্রতিষ্ঠানের লাইসেন্স পূর্ববর্তী বৎসরে হার্ড কপিতে থাকলে এবং লাইসেন্সের তথ্য LIMAতে নথিভুক্ত না থাকলে প্রয়োজনীয় তথ্য নথিভুক্ত করতে হবে। নথিভূক্তির জন্য বলবৎ হার্ড কপি লাইসেন্সের তথ্যাবলী as ususal লিপিবদ্ধ করতে হবে। ক্যাটাগরি অনুযায়ী শ্রমিক সংখ্যা সঠিক হতে হবে। |
| ২.৪ | নবায়নের জন্য আবেদন করুন | কারখানা বা প্রতিষ্ঠানের লাইসেন্সের তথ্য যদি ইতিমধ্যে অনলাইনে নথিভুক্ত হয়ে থাকে তবে মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৪৫ দিন পূর্ব হতে এই অপশনটি দেখতে পাবেন। |

৩। লাইসেন্স নবায়নের আবেদন শুরুর পূর্বে ফি পরিশোধের জন্য নির্ধারিত মোবাইল ব্যাংকিং, কার্ড, ইন্টারনেট ব্যাংকিং অথবা ওয়ালেটে পর্যাপ্ত পরিমাণ টাকা (১৫% ভ্যাটসহ) জমা রাখতে হবে। নবায়নের আবেদনের সময় নিম্নবর্ণিত সংযুক্তি (পিডিএফ কপি) আপলোড করার নিমিত্তে কম্পিউটারে সংরক্ষণ আবশ্যক।

(ক) হালনানাগাদ ট্রেড লাইসেন্স;
(খ) হালনাগাদ ফায়ার লাইসেন্স;
(গ) শ্রমিক-কর্মচারীর তালিকা;
(ঘ) মূল লাইসেন্স;
(ঙ) জাতীয় পরিচয়পত্র (মালিক/এমডি/সিইও/ব্যবস্থাপক)।

এছাড়াও, কারখানা/প্রতিষ্ঠানের ধরণ অনুযায়ী ফরম ৭৭ এ উল্লেখিত অন্যান্য সংযুক্তির প্রয়োজন হতে পারে। নবায়ন ব্যতিত নতুন লাইসেন্স প্রাপ্তির জন্য ফরম ৭৭ এ বর্ণিত সকল সংযুক্তি (প্রযোজ্য ক্ষেত্রে) আবশ্যক।

৪। প্রতিটি আবেদন সম্পন্ন হওয়ার পর ট্র্যাকিং নম্বরযুক্ত আবেদন ডাউনলোড করে অত্র কার্যালয়ে দাখিল করতে হবে।

৫। LIMA সংক্রান্ত বিশেষভাবে জ্ঞাতব্য বিষয়াবলী:

(ক) সরাসরি ব্যাংক এবং এ চালানের তুলনায় LIMAতে অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধ অধিকতর সহজ ও নিরাপদ। এতে ফি পরিশোধের কোড নির্ধারণ করার প্রয়োজন হয় না, তাই ভুল কোডে ফি জমার সম্ভাবনাও থাকে না। LIMAতে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে উৎসাহিত করা হচ্ছে।

(খ) Password ভুলে গেলে নিজ প্রচেষ্টায় উপরে বর্ণিত লিংকে Password পুনরুদ্ধারের সুযোগ রয়েছে। মোবাইলে OTP না পাওয়া কিংবা ই-মেইলে লিংক না পাওয়াসহ যেকোন প্রযুক্তিগত সমস্যার জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন।

(গ) User ID এবং Password উভয়ই ভুলে গেলে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সমাধানের ব্যবস্থা রয়েছে। LIMA অ্যাপস-এ কারখানা/প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট অথবা দায়িত্বশীল কর্মকর্তার মোবাইল নম্বর অথবা ই-মেইল User ID হিসেবে ব্যবহার করুন। User ID এবং Password পরবর্তী সময়ে যেকোন প্রয়োজনের জন্য সংরক্ষণ করুন।

(ঘ) বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ২০২২ সনের সংশোধনী অনুযায়ী লাইসেন্সের মেয়াদ হবে যে তারিখে লাইসেন্স মঞ্জুর সে তারিখ থেকে পরবর্তী ১ বছর। নথিভুক্ত থাকলে লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৪৫ দিন পূর্বে LIMAতে "**নবায়নের জন্য আবেদন করুন**" অপশনটি দেখতে পাবেন। মেয়াদ উত্তীর্ণের পর নবায়নের ক্ষেত্রে তিন মাসের মধ্যে ২৫%, ছয় মাসের মধ্যে ৫০% এবং এক বৎসরের মধ্যে ১০০% বিলম্ব ফি বিধি ৩৫৫ মোতাবেক প্রযোজ্য। এক বছরের মধ্যে আবেদন করা না হলে, লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিলের বিধান রয়েছে। প্রযুক্তি নির্ভর ব্যবস্থায় শেষ সময়ের জন্য অপেক্ষা না করে অনলাইনে আশু নবায়ন আবেদন সম্পন্ন করার অনুরোধ করা হল।

(ঙ) LIMAতে আবেদন/নথিভুক্তির সময় লাইসেন্সের বিভিন্ন **ধরণ** হতে প্রযোজ্য **ধরণ**, যেমন-কারখানা/শিল্প প্রতিষ্ঠান/বাণিজ্য প্রতিষ্ঠান/দোকান বাছাই করুন। বাছাইকৃত ধরণের অধীনে সঠিক **শ্রেণিবিন্যাস/ইন্ডাস্ট্রিয়াল সেক্টর** বাছাই করুন। বিভিন্ন **ধরণ** এবং **সেক্টর** সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য https://dife.moulvibazar.gov.bd ভিজিট করুন।

(চ) LIMAতে লাইসেন্স নবায়নের আবেদন ছাড়াও লাইসেন্সের ক্যাটাগরি পরিবর্তন, সংশোধন, বাতিল, পুর্নবহালের আবেদন, কারখানার মেশিন লে-আউট পরিবর্তনের আবেদন, সেফটি কমিটির কার্যবিবরণী, ছুটির ক্যালেন্ডার, দুর্ঘটনার রিপোর্ট-রেজিস্টার/মাসিক প্রতিবেদন, মাতৃত্ব সুবিধার মাসিক প্রতিবেদন, বার্ষিক ও অর্ধ-বার্ষিক রিটার্ন দাখিল করা যায়।

(ছ) LIMA ব্যবহার সম্পর্কে যেকোন তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের সহায়তা নিন।

৬। সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ও কার্যার্থে বিজ্ঞপ্তিটি প্রচার করা হল।

Tapanbikash

২২-০৫-২০২৫ ইং
(তপন বিকাশ তঞ্চঙ্গ্যা)
উপমহাপরিদর্শক
ফোন : ০১৩১২২১৬৩৫৭
ই-মেইল : dig.moulvibazar@gmail.com

বিতরণ:

১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। (সদয় জ্ঞাতার্থে)
২। জেলা প্রশাসক, মৌলভীবাজার/হবিগঞ্জ। (সদয় জ্ঞাতার্থে)
৩। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মৌলভীবাজার/হবিগঞ্জ। (সদয় জ্ঞাতার্থে)
৪। মালিক/চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপক, _ _ _ _ _ _ (সকল কারখানা/প্রতিষ্ঠান), মৌলভীবাজার/হবিগঞ্জ।
৫। মালিক/চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপক, _ _ _ _ _ _ _ _ _ _ (সকল চা বাগান), মৌলভীবাজার/হবিগঞ্জ।
৬। সহকারী মহাপরিদর্শক/শ্রম পরিদর্শক (সকল), অত্র কার্যালয়।
৭। অফিস কপি।